**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
**সংখ্যা ৬১/২০১৮-১৯**
**ঢাকা, বৃহস্পতিবার ২৭ সেপ্টেম্বর ২০১৮, ১২ আশ্বিন ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। শিকড়কে ভুলে গেলে মানুষ হওয়া যায় না : রাষ্ট্রপতি

২। প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে ভাষণ দেবেন আজ

৩। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের সংস্কার চাইলেন প্রধানমন্ত্রী

৪। প্রযুক্তি হস্তান্তর সহজ করার আহ্বান প্রধানমন্ত্রীর

৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডব্লিউইএফের বার্ষিক সভায় যোগদানের আমন্ত্রণ সংস্থাটির প্রেসিডেন্টের

৬। মিয়ানমারের বাহানায় প্রত্যাবাসন বিলম্বিত : রয়টার্সকে প্রধানমন্ত্রী

৭। আসেপ বৈঠকে যোগ দিতে ব্রাসেলস গেছেন স্পিকার

৮। ক্রয়কমিটির সভায় দুই প্রকল্প অনুমোদন

৯। ঢাকায় বাংলাদেশ-ভারত বাণিজ্যমন্ত্রী পর্যায়ের বৈঠক : বাণিজ্য সম্প্রসারণে বাধা দূর করতে ঐকমত্য

১০। মানববন্ধন কর্মসূচি স্থগিত করে বৈঠকের আহ্বান : সম্পাদক পরিষদকে তথ্যমন্ত্রীর চিঠি

১১। ৪ হাজার কোটি টাকা ব্যয়ে টার্মিনাল হবে পায়রা বন্দরে : নৌপরিবহণমন্ত্রী

১২। চলতি অর্থবছর জিডিপি প্রবৃদ্ধি হবে ৭ দশমিক ৫ শতাংশ : এডিবি

১৩। আজ বিশ্ব পর্যটন দিবস

১৪। এশিয়া কাপ ক্রিকেটে পাকিস্তানকে ৩৭ রানে হারিয়ে ফাইনালে বাংলাদেশ

চলমান পাতা-২

১। **শিকড়কে ভুলে গেলে মানুষ হওয়া যায় না : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ বলেছেন, ছাত্রজীবন থেকেই আমি রাজনীতি শুরু করেছি। ছাত্রজীবনে জেলও খেটেছি। উপস্থিত জনতার উদ্দেশ্যে তিনি বলেন, সেই '৭০ সাল থেকে বারবার আপনারা আমাকে এমপি নির্বাচিত করেছেন। এমনিভাবে বিরোধীদলের উপনেতা হয়েছি, ডেপুটি স্পিকার, স্পিকার হয়েছি। এরপর ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি এবং পরে দ্বিতীয়বারের মতো রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছি। মনমানসিকতার দিক থেকে আমার মধ্যে কোনো পরিবর্তন নেই। গতকাল (২৬ সেপ্টেম্বর বুধবার) মিঠামইন উপজেলা সদরে মুক্তিযোদ্ধা আ. হক সরকারি ডিগ্রি কলেজ সংলগ্ন মাঠে তাঁকে প্রদত্ত গণসংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, আমি ভুলিনি যে আমি একজন কৃষক পরিবারের সন্তান। শিকড়কে ভুলে গেলে মানুষ হওয়া যায় না। আমি কোনো সময় ক্ষমতার অপব্যবহার করিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

২। **প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে ভাষণ দেবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রী (স্থানীয় সময়) সন্ধ্যা সাড়ে ৭টা থেকে রাত ৮টার মধ্যে জাতিসংঘ সদরদপ্তরে সাধারণ পরিষদ হলে ভাষণ দেবেন। এ বছরে অধিবেশনের প্রতিপাদ্য হচ্ছে, 'সকল মানুষের উপযোগী জাতিসংঘ গড়ে তোলা : বিশ্ব নেতৃত্ব এবং শান্তি, সমতা ও টেকসই সমাজের জন্য দায়দায়িত্ব ভাগাভাগি করে নেওয়া।' প্রধানমন্ত্রী তাঁর ভাষণে রোহিঙ্গা সমস্যা সমাধানে ইতোপূর্বে দেওয়া তাঁর পাঁচ দফা প্রস্তাবের পাশাপাশি আরো কিছু সুনির্দিষ্ট প্রস্তাব তুলে ধরবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ, ক. ৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৩। **জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের সংস্কার চাইলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের মর্যাদা সমুন্নত রাখার আহ্বান জানিয়ে বলেছেন, বাংলাদেশ এর সংস্কারকে অত্যন্ত গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, আমাদের অবশ্যই জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের মর্যাদা সমুন্নত রাখার প্রতি ইতিবাচক মনোভাব নিয়ে কাজ করতে হবে। গত ২৫ সেপ্টেম্বর মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরের ট্রাস্টিশিপ কাউন্সিল চেম্বারে 'অ্যাকশন ফর পিসকিপিং (এফোরপি)' এর ওপর একটি উচ্চ পর্যায়ের অনুষ্ঠানে একথা বলেন প্রধানমন্ত্রী। অনুষ্ঠানে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসও বক্তব্য দেন। প্রধানমন্ত্রী আরো বলেন, জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীতে সেনা ও পুলিশ সদস্য পাঠানোর দিক থেকে অন্যতম শীর্ষ অবদানকারী দেশ হিসেবে বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের সংস্কারের প্রতি অত্যন্ত গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, জাতিসংঘ শান্তিরক্ষা একটি বৈশ্বিক জনকল্যাণমুখী সেবা। এ বাহিনীর মর্যাদা ধরে রাখতে আমাদের সকলকে অবশ্যই একটি ইতিবাচক চিন্তাধারা নিয়ে কাজ করে যেতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

৪। **প্রযুক্তি হস্তান্তর সহজ করার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বল্পখরচে প্রযুক্তি স্থানান্তরের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ এবং ঝুঁকি মোকাবিলায় বিশ্বের দেশগুলোর কাছে স্বল্পব্যয়ে প্রযুক্তি স্থানান্তরে বিশ্ব সম্প্রদায়ের একটি দায়িত্ব রয়েছে। গত ২৫ সেপ্টেম্বর মঙ্গলবার জাতিসংঘ সদরদপ্তরের প্লেনারি হলে 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম' আয়োজিত 'চতুর্থ শিল্পবিপ্লবে টেকসই উন্নয়ন' শীর্ষক এক প্লেনারি সেশনে দেওয়া ভাষণে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সংবাদ** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

৫। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডব্লিউইএফের বার্ষিক সভায় যোগদানের আমন্ত্রণ সংস্থাটির প্রেসিডেন্টের**

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) প্রেসিডেন্ট বোর্গে ব্রেনডি আগামী জানুয়ারি মাসে সুইজারল্যান্ডের ড্যাভোসে অনুষ্ঠেয় ফোরামের বার্ষিক সভায় যোগদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানিয়েছেন। গত ২৫ সেপ্টেম্বর মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর নিউইয়র্কে অবস্থানকালীন হোটেল গ্রান্ড হায়াতে সৌজন্য

সাক্ষাতে ব্রেনডি এ আমন্ত্রণ জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।



**৬। মিয়ানমারের বাহানায় প্রত্যাবাসন বিলম্বিত : রয়টার্সকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রস্তুতি নেওয়ার পরও মিয়ানমার সরকার একের পর এক অজুহাত তোলায় কক্সবাজারে আশ্রয় নিয়ে থাকা সাত লাখের বেশি রোহিঙ্গা শরণার্থীর প্রত্যাবাসন বিলম্বিত হচ্ছে। গত ২৫ সেপ্টেম্বর মঙ্গলবার নিউইয়র্কে বার্তা সংস্থা রয়টার্সকে এক সাক্ষাৎকারে তিনি আরো বলেন, মিয়ানমার থেকে আসা এ শরণার্থীদের স্থায়ীভাবে বাংলাদেশে থেকে যাওয়ার সুযোগ দেওয়া কোনোভাবেই সম্ভব না। আমার দেশ এ ভার বহন করতে পারবে না। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, প্রতিবেশী দেশ মিয়ানমারের সঙ্গে বৈরী সম্পর্ক তৈরি হোক, তা তিনি চান না। তবে মিয়ানমারের নোবেল বিজয়ী নেত্রী অং সান সুচি এবং দেশটির মূল ক্ষমতা যাদের হাতে, সেই সেনাবাহিনীর কথায় আস্থা রাখার মত ধৈর্য যে ধীরে ধীরে কমে আসছে, সে ইঙ্গিতও প্রধানমন্ত্রীর কথায় পাওয়া যায়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৭। আসেপ বৈঠকে যোগ দিতে ব্রাসেলস গেছেন স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী দশম এশীয়-ইউরোপ পার্লামেন্টারি পার্টনারশিপ (আসেপ) বৈঠকে অংশ নিতে গতকাল (২৬ সেপ্টেম্বর বুধবার) বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন। তিনি আজ আসেপ-১০ এর উদ্বোধন সেশনে বক্তব্য রাখবেন এবং বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। সুত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

**৮। ক্রয়কমিটির সভায় দুই প্রকল্প অনুমোদন**

লাকসাম-চিনকি আস্তানার মধ্যে ডবল রেললাইন-ট্র্যাক নির্মাণ প্রকল্প ও ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের ইন্দ্রপুল হতে চক্রশালা পর্যন্ত বাঁক সরলীকরণ প্রকল্পের ব্যয়বৃদ্ধির দুইটি প্রস্তাব অনুমোদন দিয়েছে অর্থনৈতিক ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (২৬ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে এ সংক্রান্ত কমিটিতে প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়েছে। সুত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

**৯। ঢাকায় বাংলাদেশ-ভারত বাণিজ্যমন্ত্রী পর্যায়ের বৈঠক : বাণিজ্য সম্প্রসারণে বাধা দূর করতে ঐকমত্য**

অগ্রাধিকারভিত্তিতে সকল বাণিজ্য বাধা দূর করতে একমত হয়েছে বাংলাদেশ-ভারত। সেইসাথে দুই দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য বাড়াতে কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ এগ্রিমেন্টের (সিইপিএ) বিষয়ে আগ্রহ প্রকাশ করেছেন দুই বাণিজ্যমন্ত্রী। গতকাল (২৬ সেপ্টেম্বর বুধবার) ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এবং ভারতের বাণিজ্য, শিল্প ও বেসামরিক বিমান চলাচলমন্ত্রী সুরেশ প্রভুর মধ্যে এক দ্বিপক্ষীয় বৈঠকে এ সিদ্ধান্ত হয়। বৈঠকশেষে বাণিজ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, দ্বিপক্ষীয় এ বৈঠকে বাংলাদেশ থেকে বিভিন্ন পণ্য রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান বাধাসমূহ তুলে ধরা হয়েছে। এসব বাধা দূর করতে ভারত-বাংলাদেশ একমত হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**১০। মানববন্ধন কর্মসূচি স্থগিত করে বৈঠকের আহ্বান : সম্পাদক পরিষদকে তথ্যমন্ত্রীর চিঠি**

ডিজিটাল নিরাপত্তা আইনের বিষয়ে সম্পাদক পরিষদকে বৈঠকে বসার আহ্বান জানিয়ে চিঠি দিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। এতে আগামী ২৯ সেপ্টেম্বর শনিবার সম্পাদক পরিষদের ডাকা মানবন্ধন কর্মসূচিও স্থগিতের অনুরোধ জানানো হয়েছে। গতকাল (২৬ সেপ্টেম্বর বুধবার) সম্পাদক পরিষদের সাধারণ সম্পাদক বরাবর মন্ত্রীর স্বাক্ষর করা এ চিঠি পাঠানো হয় বলে তথ্য মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫)।

**১১। ৪ হাজার কোটি টাকা ব্যয়ে টার্মিনাল হবে পায়রা বন্দরে : নৌপরিবহণমন্ত্রী**

চার হাজার কোটি টাকা ব্যয়ে পায়রা বন্দরের জন্য টার্মিনাল নির্মাণ করা হবে বলে জানিয়েছেন নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান। এজন্য ড্রেজিং ও সংযোগ সড়ক নির্মাণসহ প্রয়োজনীয় সরঞ্জাম কেনার নির্দেশ দিয়েছেন তিনি। নৌমন্ত্রণালয়ের সভাকক্ষে গতকাল (২৬ সেপ্টেম্বর বুধবার) অনুষ্ঠিত পায়রা বন্দরের আর্থিক উন্নয়ন ও প্রশাসনিক সভায় মন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১)।

**১২। চলতি অর্থবছর জিডিপি প্রবৃদ্ধি হবে ৭ দশমিক ৫ শতাংশ : এডিবি**

চলতি ২০১৮-১৯ অর্থবছর মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধি ৭ দশমিক ৫ শতাংশ হবার পূর্বাভাস দিয়েছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। অভ্যন্তরীণ ভোগ ব্যয়, সরকারি বিনিয়োগ বৃদ্ধি এবং ক্ষুদ্র ও মাঝারি খাতে বেসরকারি বিনিয়োগের উপর ভর করেই এ প্রবৃদ্ধি অর্জিত হবে। তবে বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বৃদ্ধি, আমদানি ব্যয় বেড়ে যাওয়া এবং মেগা প্রকল্পে অর্থায়নে ঘাটতি হলে এ লক্ষ্য অর্জন চ্যালেঞ্জ হতে পারে। গতকাল (২৬ সেপ্টেম্বর বুধবার) 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক-২০১৮' শীর্ষক প্রতিবেদনে এমন পূর্বাভাস দেওয়া হয়েছে।



প্রতিবেদনটি প্রকাশ উপলক্ষে গতকাল এডিবি'র ঢাকা কার্যালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**১৩। আজ বিশ্ব পর্যটন দিবস**

আজ (২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার) বিশ্ব পর্যটন দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো 'পর্যটন শিল্পের বিকাশে তথ্যপ্রযুক্তি' প্রতিপাদ্য নিয়ে বাংলাদেশেও উদ্‌যাপিত হবে দিবসটি। বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। এছাড়া বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালি, মেলা, আলোচনাসভা, সেমিনারসহ নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১)।

**১৪। এশিয়া কাপ ক্রিকেটে পাকিস্তানকে ৩৭ রানে হারিয়ে ফাইনালে বাংলাদেশ**

গতকাল (২৬ সেপ্টেম্বর বুধবার) আবুধাবিতে অনুষ্ঠিত এশিয়া কাপের খেলায় ৩৭ রানে পাকিস্তানকে হারিয়ে ফাইনালে জায়গা করে নিয়েছে বাংলাদেশ। ১৪তম এশিয়া কাপের ফাইনালে আগামীকাল ভারতের মোকাবিলা করবে বাংলাদেশ। এ নিয়ে তৃতীয়বার ফাইনালে উত্তীর্ণ হলো বাংলাদেশ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, ডেইলি সান, অবজারভার, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বাংলাদেশে নোট ও গাইড বই নিষিদ্ধ হলেও কোনো কোনো ক্ষেত্রে ক্লাসে পাঠ্যবইয়ের বদলে নোট বই পড়ানো হচ্ছে উল্লেখ করে শিক্ষার্থীদের সৃজনশীলতা ও মেধাবিকাশের অন্যতম প্রতিবন্ধক গাইডবইয়ের ওপর নিষেধাজ্ঞা কার্যকরে সর্বাত্মক কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

খ. **সংবাদ :** দখল-দূষণ ও প্রবাহস্বল্পতা এসব নানা কারণে বাংলাদেশের নদীগুলো সংকটের মুখে রয়েছে উল্লেখ করে নদীগুলো রক্ষায় যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **প্রথম আলো :** বজ্রপাত ও সড়ক ভাঙনরোধে শেরপুর জেলার নকলা-নালিতাবাড়ী দুই লেনের সড়কের ছয় কিলোমিটার এলাকাজুড়ে তাল ও শিমুলগাছের চারা রোপণ করার উদ্যোগটি প্রশংসনীয় উল্লেখ করে দেশের অন্যান্য স্থানেও এ দৃষ্টান্ত অনুসরণের আহ্বান।

ঘ. **বণিক বার্তা :** দেশের অধিকাংশ হাসপাতালের অপারেশন থিয়েটার মানসম্মত না হওয়ার বিষয়টি বিভিন্ন গবেষণায় উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে সরকারি-বেসরকারি সব হাসপাতালের অপারেশন থিয়েটারগুলোর জীবাণুমুক্তকরণ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইনকিলাব :** বিএসটিআই এনার্জি ড্রিংকের নামে জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর পানীয় উৎপাদন ও বাজারজাতকরণ বন্ধে যে উদ্যোগ নিয়েছে তা প্রশংসনীয় উল্লেখ করে অবিলম্বে তার কার্যকর বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

চ. **নিউএজ :** দেশে যুবসমাজকে বিভিন্ন কারিগরি শিক্ষা দিয়ে দক্ষ করে গড়ে তুলে কর্মসংস্থানের উপযোগী করে গড়ে তোলার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীতে যানজটের কারণে বছরে ৪.৬ বিলিয়ন ডলার আর্থিক ক্ষতি হচ্ছে উল্লেখ করে যানজট নিরসনে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রোহিঙ্গা সমস্যার আশু সমাধান না হলে বাংলাদেশের সামাজিক ও অন্যান্য নিরাপত্তা হুমকির মুখে পড়তে পারে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশে পর্যটনের অপার সম্ভাবনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পর্যটন শিল্পের উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন সম্ভব।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা